জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

নারী শিখন কেন্দ্রের উপকরন ক্রয়ের টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকেল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় বরগুনা জেলায় কেয়ার বাংলাদেশ এর কারিগরি সহযোগিতায় জাগোনারী বাস্তবায়িত Women Lead in Emergencies (WLiE) শীর্ষক প্রকল্পের আওতায় বরগুনা সদর, পাথরঘাটা ও তালতলী উপজেলায় নারী শিখন কেন্দ্রের উপকরণ ক্রয়ের জন্য আগ্রহী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পটির আর্থিক সহযোগিতা করছেন Agence Francaise de Development (AFD).

ক. সাধারন তথ্যাবলী:

টেন্ডর রেফারেন্স	:	জানা/ বর/ উইলি-টেন্ডার/ওটিএম/অক্টোবর ২০২৬ (০৭)
দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	:	২৯ অক্টোবর, ২০২৬ খ্রি.
দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ	:	০৭ নভেম্বর, ২০২৬ খ্রি.
দরপত্র খোলার তারিখ ও সময়	:	০৮ নভেম্বর, ২০২৬ খ্রি. সময়: দুপুর ১২:০০ টা। (দরপত্র উন্মুক্তকরণের সময় সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
যেভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন	:	বিডিজবস এর লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে। এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে।

খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:

1. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ ঠিকাদারী ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে;
2. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব থাকতে হবে এবং দরপত্রের সাথে ব্যাংক সলভেনসি সার্টিফিকেট সংযুক্ত করতে হবে;
3. দরপত্রের সাথে ঠিকাদারী কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে অভিজ্ঞতা সনদ/ কার্যাদেশ সংযুক্ত করতে হবে;
4. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পূর্নাঙ্গ তথ্য আবেদনপত্রে উল্লেখ থাকতে হবে;
5. প্রতিষ্ঠানের অফিশিয়াল/নিজস্ব প্যাডে আবেদনপত্রসহ Annex. 1: Price Quotation Form অনুযায়ী দরপত্র দাখিল করতে হবে।
6. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা- এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;
7. দরপত্র দাখিলের জন্য খামের উপরে টেন্ডার রেফারেস [জানা/ বর/ উইলি-টেন্ডার/ওটিএম/অক্টোবর ২০২৬ (০৭)] স্পষ্টভাবে লিখুন।
8. দরপত্রে প্রস্তাবিত সকল উপকরণের ব্র্যান্ডের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র মূল্যায়নের ভিত্তিতে কার্যাদেশ প্রদানের পূর্বে প্রাথমিকভাবে নির্বাচিত ২–৩ জন সরবরাহকারীর নিকট থেকে জাগোনারী কর্তৃপক্ষের প্রয়োজনীয় মনে করা যে কোনো উপকরণের নমুনা (স্যাম্পল) চাওয়ার অধিকার সংরক্ষণ করে। নির্বাচিত সরবরাহকারী ব্যতীত অন্যান্য সরবরাহকারীদের জমাকৃত স্যাম্পল উক্ত ক্রয় কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ফেরত দেওয়া হবে।

9. কার্যাদেশ পাওয়ার পর চাহিদেয় উপকরণ সরবরাহের জন্য কতদিন সময় লাগবে তা স্পস্টভাবে আবেদন ফরমে উল্লেখ করতে হবে।
10. এছাড়াও Appendix-1 ও Appendix-4 সহ আবেদনপত্র এবং দরপত্রসহ সকল সংযুক্তির প্রতিটি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকা আবশ্যক।
11. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিষ্টারভূক্ত করে টেন্ডর বক্সে ফেলবেন;
12. জমাদানের তারিখ ও সময় শেষ হলে জাগোনারী'র ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:

1. নিম্নলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসারে দরপত্র মূল্যায়ন করা হবে

স্কোরিং এর মানদন্ড	নম্বর	মন্তব্য
দর	৪০	আর্থিক
উপকরণের ব্রান্ড ভ্যালু	৩০	টেকনিক্যাল
লিগ্যাল ডকুমেন্টস (আপডেট ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স রিটার্ন সার্টিফিকেট	১৫	টেকনিক্যাল
অভিজ্ঞতা (ঠিকাদারী কাজে অভিজ্ঞতা সনদ/ কার্যাদেশ)	১৫	টেকনিক্যাল
মোট	১০০	

2. লিগ্যাল ডকুমেন্ট এর ঘাটতি থাকলে অথবা কোন প্রতিষ্ঠান নিম্নমানের / অগ্রহণযোগ্য / বিএসটিআই / সংশ্লিষ্ট দপ্তর থেকে অনুমোদন নেই এমন পণ্যের দর দাখিল করলে অথবা পন্যের ব্রান্ডের নাম উল্লেখ না করলে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র টেকনিক্যালি গ্রহণযোগ্য হবে না। টেকনিক্যাল মূল্যায়নে অগ্রহণযোগ্য হলে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান চুড়ান্ত মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
3. অসম্পূর্ন বা ত্রুটিপূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

ঘ. উপকরণ সরবরাহের নিয়মাবলী:

1. সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় চাহিদেয় উপকরণ কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে বরগুনা জেলা শহরে জাগোনারী কার্যালয়ে/ওয়ারহাউজে পৌছে দিবেন।
2. কার্যাদেশ প্রদানের পর সংশ্লিষ্ট সরবরাহকারী কোন উপকরনের ব্র্যান্ড পরিবর্তন করতে চাইলে কার্যাদেশ প্রাদানের ০৫ দিনের মধ্যে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভাল মানের উপকরণ প্রদান করতে হবে।
3. কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে চাহিদেয় উপকরণ সরবরাহ করতে না পারলে প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।

ঙ. বিল পরিশোধ পদ্ধতি:

1. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে কার্যক্রম সম্পাদনের পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;
2. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

চ. আবশ্যকীয় শর্তাবলী:

1. কোনরুপ ত্রুটিপূর্ন উপকরণ গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ত্রুটিপূর্ন উপকরণ ফেরত নিবেন এবং নিজ খরচে ত্রুটিমুক্ত উপকরন সরবরাহ নিশ্চিত করবেন।
2. জাগোনারী কোন কারণ দর্শানো ব্যাতীত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;
3. কোনরুপ তদবির/প্রভাবিত করা গ্রহনযোগ্য নয়।

ছ. যৌন নিপীড়ন, শোষণ এবং হয়রানি প্রতিরোধ (PSEAH):

যৌন শোষণ, নিপীড়ন এবং হয়রানির (SEAH) বিরুদ্ধে জাগোনারী একটি সম্পূর্ণ 'শূন্য-সহনশীলতা' (zero-tolerance) নীতি বজায় রাখে। এই ক্রয় কার্যক্রমের অধীনে সংশ্লিষ্ট দরপত্র দাখিলকারী সবরাহকারী প্রতিষ্ঠানকে অবশ্যই জাগোনারী-এর PSEAH এবং সেফগার্ডিং (সুরক্ষা) মানদণ্ডসমূহ মেনে চলতে হবে এবং নিশ্চিত করতে হবে যে, সররবাহকারী কর্তৃক নিযুক্ত কোনো কর্মী বা জনবল পণ্য বা সেবা সরবরাহের সাথে সম্পর্কিত কোনো ধরনের যৌন শোষণ, নিপীড়ন বা হয়রানিতে লিপ্ত হবে না। এই শর্তসমূহ মেনে চলতে ব্যর্থ হলে দরপত্র বাতিল (disqualification), অ্যাওয়ার্ড বাতিল, অথবা এর ফলে সৃষ্ট যেকোনো ক্রয়াদেশ (purchase order) বা চুক্তি অবসান/বাতিল বলে গণ্য হতে পারে।

জ. শিশু সুরক্ষা এবং শিশুশ্রমের নিষেধাজ্ঞা:

জাগোনারী শিশুদের অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং যেকোনো ধরনের শিশুশ্রমকে কঠোরভাবে নিষিদ্ধ করে। এই ক্রয় কার্যক্রমের অধীনে কোটেশন দাখিলকারী সরবরাহকারীদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে, চূড়ান্ত ক্রয়াদেশ বা চুক্তির আওতায় সরবরাহকৃত পণ্য ও সেবার উৎপাদন, উৎস সংগ্রহ (sourcing), রক্ষণাবেক্ষণ বা হস্তান্তরের (delivery) কোনো পর্যায়ে কোনো ধরনের শিশু নির্যাতন বা শিশুশ্রম ব্যবহার করা হয়নি। এই শর্ত মেনে চলতে ব্যর্থ হলে ক্রয় প্রক্রিয়া থেকে অযোগ্য ঘোষণা, অ্যাওয়ার্ড বাতিল, অথবা ক্রয়াদেশ বা চুক্তি অবসান/বাতিল করা হতে পারে।

ঝ. সংযুক্তি:

1. Annexure 01 : Price Quotation Form (Women Learning Centre Materials)
2. Appendix-1 : Statement of Integrity, Eligibility and Environmental and Social Responsibility
3. Appendix-4 : Security Statement of Commitment.

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: +৮৮ ০১৭১১ ৩২২৩১৪ । এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

JAGORI

Ashahi Mansion, College Road, Barguna

Tender Schedule

Procurement of Women Learning Centre Materials

JAGO NARI, a non-government organization, is implementing several development projects in different areas of Bangladesh with the support of donor agencies. As part of this initiative, JAGO NARI is implementing the project titled "Women Lead in Emergencies (WLiE)" with the support of CARE Bangladesh. Under this project, JAGO NARI invites sealed tenders from interested and eligible suppliers for the procurement of Women Learning Centre Materials in Barguna Sadar, Patharghata, and Taltali Upazilas of Barguna District. Mentioned that the WLiE Project is funded by Agence Francaise de Development (AFD).

A. General Information

Tender Reference No.	:	JANA/BAR/WLiE-Tender/OTM/October 2026 (07)
Tender Publication Date	:	October 29, 2026
Last Date of Tender Submission	:	November 07, 2026
Tender Opening Date & Time	:	November 08, 2026, at 12:00 PM, All bidding firms are kindly requested to be present at the time of tender opening.
How to Obtain Tender Documents:	:	Tender notice, tender schedule, application form, and price quotation form can be downloaded from the link published in the newspaper. Tender-related documents can also be collected from JAGO NARI Head Office, Ashahi Mansion (3rd Floor), College Road, Barguna.

B. Eligibility of Tenderers and Submission Procedure:

1. The tenderer must submit copies of updated Contractor Trade License, VAT Registration Certificate, Income Tax Certificate, and National ID with the tender.
2. The tenderer must have a Bank Account in the name of the firm, and a Bank Solvency Certificate must be enclosed with the quotation.
3. Experience Certificates and/or Work Orders must be submitted with the Tender as the proof of the working experience.
4. The tender validity period and complete Bank Account details must be clearly mentioned in the application form.
5. The tender must be submitted along with an application on the organization's official letterhead, in accordance with Annex 1: Price Quotation Form.
6. The tender along with all required documents must be submitted in a sealed envelope to: Convener, Procurement Committee, JAGO NARI Head Office, Asahi Mansion, College Road, Barguna, either directly or by post/courier.
7. The tender reference number [JANA/BAR/WLiE-Tender/OTM/October 2026 (07)] must be clearly written on the top of the sealed envelope.



8. The brand names of all proposed items must be clearly specified in the tender. Based on the tender evaluation, JAGO NARI reserves the right to request samples of any items it deems necessary from the 2–3 initially shortlisted suppliers before issuing the work order. Samples submitted by suppliers other than the selected supplier will be returned upon completion of the procurement process.
9. The delivery lead time must be clearly stated in the application form.
10. In addition, the application form, tender documents, and all attachments, including **Appendix-1 and Appendix-4,** must be signed and sealed on every page by the owner of the company or an authorized representative of the company.
11. If the tender is submitted directly, the tenderer must personally drop it into the Tender Box. Tenders received by courier/post will be registered by JAGO NARI authority and placed into the Tender Box.
12. After the submission deadline, the Procurement Committee of JAGO NARI will open the Tender Box and evaluate the tenders as per rules.

C. Tender Evaluation and supplier Selection Process

1. Tenders will be evaluated based on the following **scoring criteria**:

Evaluation Criteria	Marks	Remarks
Price	40	Financial
Brand Value of Materials	30	Technical
Legal Documents (Updated Trade License, VAT & Tax Return Certificates)	15	Technical
Experience (Experience Certificate / Work Order)	15	Technical
Total	**100**	

2. Any bidder failing to submit required legal documentation, or offering products that are substandard/unacceptable/not approved by BSTI or the concerned authorities or products without specifying the brand name, shall be declared technically non-responsive. Bidders who fail to qualify in the technical evaluation shall be excluded from the final evaluation process."
3. If any legal documents are missing or incomplete, or if a supplier submits a quotation for substandard or unacceptable products, products that do not have approval from BSTI or the relevant authority, or products without specifying the brand name, the submitted tender shall be considered technically non-responsive. Suppliers whose tenders are found technically non-responsive during the technical evaluation shall not be considered for the final evaluation.
4. Incomplete or faulty tenders will be considered invalid.

D. Rules for suppling materials

1. The selected supplier shall deliver the required items, at their own cost and arrangement, to the JAGO NARI office and/or warehouse in Barguna District within the date and time specified in the work order.
2. If the supplier wishes to change any goods' brand after receiving the Work Order, they must inform JAGO NARI in writing within 05 working days, and the proposed brand must be equal or better in quality than the approved brand.
3. If the required goods are not delivered within the timeframe specified in the Work Order, a penalty at the rate of 1% per day of delay shall be deducted from the total bill, and payment shall be made after such deduction.



E. Payment Procedure

1. Payment will be made through Bank Cheque or online transfer after satisfactory completion of the work within the stipulated time.
2. Applicable government VAT and Tax will be deducted from the total bill as per rules.

F. Mandatory Conditions

1. Any Defective or damaged items will not be accepted. The supplier shall take back any defective items and replace them with defect-free items at their own cost.
2. JAGO NARI reserves the right to accept or cancel the tenders without assigning any reason.
3. Any form of lobbying or undue influence will result in disqualification.

G. Prevention of Sexual Exploitation, Abuse, and Harassment (PSEAH)

JAGO NARI maintains a zero-tolerance approach to Sexual Exploitation, Abuse and Harassment (SEAH). Suppliers submitting quotations under this Procurement activities are required to comply with JAGO NARI's PSEAH and safeguarding standards and ensure that their personnel do not engage in any form of SEAH in connection with the supply of goods or services. Failure to comply with these requirements may result in disqualification, cancellation of award, or termination of any resulting purchase order or agreement.

H. Child Protection and Prohibition of Child Labor

JAGO NARI is committed to protecting children's rights and strongly prohibits the child labor. Suppliers submitting quotations under this RFQ must ensure that no child abuse and child labor is used in the production, sourcing, handling, or delivery of goods and services provided under any resulting purchase order or agreement. Failure to comply with this requirement may result in disqualification from the procurement process, cancellation of the award, or termination of the purchase order or agreement.

I. Attachments

1. Annexure 1 : Price Quotation Form (Women Learning Centre Materials)
2. Appendix-1 : Statement of Integrity, Eligibility and Environmental and Social Responsibility
3. Appendix-4 : Security Statement of Commitment.

For any clarification related to the tender, please contact at +88 01711 322314
Kindly refrain from calling for any other discussion or lobbying purposes.

